

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাজশাহী মেডিকেল কলেজ।

ফোন নং-০২৫৮৮৮৫৭১৫০

E-mail: principalrajshahi@yahoo.com

Web site : www.rmc.edu.bd.

www.rmc@ac.dghs.gov.bd.

স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৮.৯৯.০০১.২৬- ২৭৯৪

তারিখ ১৩/০৫/২০২৬ খ্রি.

অফিস স্মারক

গত ০৪ এপ্রিল, ২০২৬ তারিখ গভীর রাতে রাজশাহী মেডিকেল কলেজের শহীদ মুক্তিযোদ্ধা কাজী নুরুন্নবী ছাত্রাবাসের ২৩০ নম্বর কক্ষে দু'টি ছাত্র পক্ষের মধ্যে বিবাদ সংঘটিত হয়। তৎক্ষণিতে অত্র অফিস স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৮.৯৯.০১.২৬-১১৯১ (৭) তারিখ : ০৯/০৪/২০২৬ খ্রি. মোতাবেক তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত তদন্ত কমিটি তদন্ত কার্য অস্ত্রে তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। সংশ্লিষ্ট সকলে জ্ঞাতার্থে এতদ্বারা উক্ত তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হলো।

ফায়

(অধ্যাপক ডাঃ খন্দকার মোঃ ফয়সল আলম)

অধ্যক্ষ

রাজশাহী মেডিকেল কলেজ।

তারিখ ১৩/০৫/২০২৬ খ্রি.

স্মারক নং-৫৯.১৪.০০০০.১২৮.৯৯.০০১.২৬-

অনুলিপি অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো :-

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ।
- ২। ----- বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৩। নোটিশ বোর্ড,----- ছাত্রাবাস/ছাত্রীনিবাস, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৪। সচিব/প্রধান সহকারী/-----, রাজশাহী মেডিকেল কলেজ।
- ৫। অফিস নথি।

ফায়
23.05.26
অধ্যক্ষ

রাজশাহী মেডিকেল কলেজ।

ফায়
23/05/26

পর্যবেক্ষণ






রাজশাহী মেডিকেল কলেজের ছাত্রাবাস সমূহে ছাত্রদের মধ্যে কক্ষ বরাদ্দের ব্যবস্থাপনার জন্য দীর্ঘ কাল যাবত ছাত্রদের মধ্যে অসন্তোষ বিরাজ করছিল। নিয়ন্ত্রণহীন এই বন্টন ব্যবস্থাপনার দরুণ ছাত্ররা নিয়ম-নীতি উপেক্ষা করে বিভিন্ন সময়ে কক্ষ পরিবর্তন করত। এমনকি তাদের মধ্যে আধিপত্য বিস্তারের প্রবণতা দেখা দিত। ছাত্রাবাস সমূহে নিয়মবহির্ভূত কক্ষ বিন্যাসের জন্যই গত ০৪ এপ্রিল, ২০২৬ তারিখ শহীদ মুক্তিযোদ্ধা কাজী নূরুন্নবী ছাত্রাবাসের ২৩০ নম্বর কক্ষে বিবাদমান ছাত্রদের মধ্যে উল্লেখিত অপ্রত্যাশিত ঘটনা সংগঠিত হয়েছিল বলে তদন্ত কমিটির নিকট প্রতীয়মান হয়।

সুপারিশমালা

১. কলেজ প্রশাসন কর্তৃক সুস্পষ্ট নীতি মালা অনুযায়ী ছাত্র-ছাত্রীদের মধ্যে ছাত্রাবাস সমূহে নির্দিষ্ট ভাবে কক্ষ বরাদ্দ নিশ্চিত করতে হবে।
২. কলেজ প্রশাসন অথবা ছাত্রাবাস তত্ত্বাবধায়কের পূর্ব অনুমতি ব্যতীত কোন ছাত্র-ছাত্রী ছাত্রাবাসে বসবাস করতে পারবে না।
৩. ছাত্রাবাসে বসবাসরত কোন ছাত্র-ছাত্রী কক্ষ পরিবর্তন করতে চাইলে বাধ্যতামূলকভাবে কলেজ প্রশাসন অথবা ছাত্রাবাস তত্ত্বাবধায়কের লিখিত অনুমোদন নিতে হবে এবং অনুমোদনহীন কক্ষ পরিবর্তনের জন্য কক্ষ বরাদ্দ বাতিলের বিধান রাখতে হবে।
৪. ছাত্রাবাসে বসবাসরত ছাত্র-ছাত্রীদেরকে ছাত্রাবাসের নাম ও কক্ষ নম্বর সম্বলিত পরিচয়পত্র প্রদান করতে হবে।
৫. রাত এগারোটা এবং দশটার মধ্যে যথাক্রমে ছাত্র এবং ছাত্রীদেরকে ছাত্রাবাসে প্রবেশ করতে হবে এবং উক্ত সময়ের পর ছাত্রাবাস সমূহের ফটক বন্ধ থাকবে। তবে উক্ত সময়ের পর যুক্তি সংগত কারণে কোন ছাত্র-ছাত্রী ছাত্রাবাসের বাইরে অবস্থান করলে অথবা ছাত্রাবাসের বাইরে যেতে চাইলে কলেজ প্রশাসন কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র দ্বারা রক্ষীকে প্রদর্শনপূর্বক ছাত্রাবাসে যথাক্রমে প্রবেশ ও প্রস্থান করবে।
৬. যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ছাত্র-ছাত্রীরা ছাত্রাবাসে কোন বিতর্কিত অথবা অসংগতিপূর্ণ বা নিষিদ্ধ ঘোষিত কোন দ্রব্য বা দ্রব্যাদি রাখতে অথবা ব্যবহার করতে পারবে না।
৭. কোন ছাত্র-ছাত্রী বা তাদের সংঘর্ষন অন্য কোন ছাত্র-ছাত্রী কে জিজ্ঞাসাবাদ বা কক্ষে তল্লাশী করতে পারবে না। তবে সন্দেহজনক কোন কিছু পরিলক্ষিত হলে তা যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে পারবে।
৮. সামাজিক ও স্বচ্ছসেবামূলক কাজের জন্য ছাত্রাবাসের কোন কক্ষ ব্যবহারের পরিবর্তে কলেজে কোন কক্ষ বরাদ্দ দেয়া যেতে পারে।

নাম

স্বাক্ষর

- ১। অধ্যাপক ডাঃ মোঃ তৌফিকুল ইসলাম -----
অধ্যাপক, মেডিসিন, রাজশাহী মেডিকেল কলেজ (সভাপতি) 
03.05.26
- ২। অধ্যাপক ডাঃ শেখ মোহাঃ আঃ হাকিম -----
অধ্যাপক, সার্জারি, রাজশাহী মেডিকেল কলেজ (সদস্য) 
০৩-০৫-২৬
- ৩। ডাঃ মোঃ শফিকুল ইসলাম -----
সহযোগী অধ্যাপক, গ্যাষ্ট্রোএন্টারোলজি, রাজশাহী মেডিকেল কলেজ (সদস্য) 
০৪-০৫-২০২৬
- ৪। ডাঃ ফারহান ইমতিয়াজ চৌধুরী -----
সহকারী অধ্যাপক, ক্যান্সার সার্জারি, রাজশাহী মেডিকেল কলেজ (সদস্য) 
০৬-০৫-২৬
- ৫। অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল হাই -----
অধ্যাপক, শিশু বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ (সদস্য-সচিব) 
০৩/০৫/২৬